# আর্লিংটন কাউন্টি

## শিশু পরিচর্যার সক্ষমতা বৃদ্ধি ও মান উন্নয়নের জন্য

## তহবিল প্রাপ্যতার বিজ্ঞপ্তি (NOTICE OF FUNDING AVAILABILITY FOR CHILD CARE CAPACITY BUILDING & QUALITY IMPROVEMENT)

**30 অক্টোবর, 2024**

### পর্যালোচনা ও পটভূমি

শিশু পরিচর্যা উদ্যোগটি (Child Care Initiative, CCI) আর্লিংটন নিবাসী পরিবারগুলির জন্য শিশু পরিচর্যা প্রদানের চ্যালেঞ্জগুলির মোকাবিলা জন্য একটি কৌশলগত কাঠামো প্রদান করে। CCI তিনটি ক্ষেত্রের উপর ফোকাস করে:

- *প্রবেশযোগ্যতা* – সাশ্রয়ী শিশু পরিচর্যায় প্রবেশাধিকার বৃদ্ধি করা, বিশেষ করে সেই পরিবারগুলির জন্য, যাদের আয় সরকারি সহায়তা সেফটি নেট (safety net) প্রোগ্রামগুলির জন্য নির্ধারিত সীমার মধ্যে রয়েছে।
- *প্রাপ্যতা* – শিশু পরিচর্যার স্লটগুলির প্রাপ্যতা এবং ব্যবহার বৃদ্ধি করা।
- *গুণমান* – সকল শিশু পরিচর্যার নিরাপত্তা এবং মান উন্নত করা।

2017-2018 সালে এর বিকাশের পর থেকে, CCI এই লক্ষ্যগুলির দিকে লক্ষ্যণীয় অগ্রগতি করেছে। এপ্রিল 2024 পর্যন্ত, আর্লিংটন কাউন্টিতেপরিচিতপরিচিত শিশু পরিচর্যার জ্ঞাত স্লটের সংখ্যা ছিল 8,884 – যা পাঁচ বছরের নিচে থাকা কাউন্টির শিশুদের 69% পর্যন্ত পরিষেবা দেওয়ার জন্য যথেষ্ট, যা 2017 সালের 51% থেকে বৃদ্ধি পেয়েছে। এছাড়াও, এপ্রিল 2024 পর্যন্ত, আর্লিংটনের শিশু পরিচর্যার স্লটের প্রায় 51% একটি স্বীকৃত বা মানসম্পন্ন শিশু পরিচর্যা কেন্দ্র বা ফ্যামিলি ডে কেয়ার হোমে ছিল - যা 2017 সালের 13% থেকে বেশী।

### অভিপ্রায় এবং উদ্দেশ্য

CCI এর সহায়তায়, কাউন্টি বোর্ড 5 মিলিয়ন ডলার *এককালীন* তহবিল বরাদ্দ করেছে। $4,435,420 মিলিয়ন ছিল পূর্বের একটি তহবিল প্রাপ্যতার নোটিশের (Notice of Funding Availability, NOFA) বিষয়, যা নতুন সাশ্রয়ী শিশু পরিচর্যা স্লটগুলির বিনিময়ে মূলধনী খরচের সহায়তা প্রদানের জন্য ব্যবহৃত হয়েছে। বাকী $564,580 হল এই NOFA-এর বিষয়, যা *আর্লিংটন কাউন্টিতে মানসম্পন্ন শিশু পরিচর্যা প্রোগ্রাম* তৈরি, সম্প্রসারণ এবং/অথবা উন্নতির মাধ্যমে প্রস্তাবনাগুলি আহ্বান করে।

কাউন্টি আশা করে যে প্রস্তাবগুলি দুটি শ্রেণীর একটিতে পড়বে – সক্ষমতা বৃদ্ধি বা মান উন্নয়ন – এবং প্রস্তাবনার উদাহরণগুলি নিম্নলিখিতগুলি অন্তর্ভুক্ত করতে পারে, কিন্তু এতেই সীমাবদ্ধ নয়:

- সক্ষমতা তৈরি
    - একটি শিশু পরিচর্যা প্রোগ্রাম শুরু বা সম্প্রসারণে সহায়তার জন্য চুক্তিভিত্তিক দক্ষতা (যেমন, চাহিদার বিশ্লেষণ, সাইট নির্বাচনে সহায়তা, প্রকল্প পরিকল্পনা, আর্থিক বিশ্লেষণ, ডিজাইন এবং নির্মাণ, কর্মী নিয়োগ ইত্যাদি)
    - অপারেশনাল প্রক্রিয়াগুলি বিকাশ এবং বাস্তবায়নের জন্য চুক্তিবদ্ধ দক্ষতা (যেমন, হ্যান্ডবুক, চেকলিস্ট, নীতি, পদ্ধতি, জরুরী পরিকল্পনা ইত্যাদি)
    - পেশাগত উন্নয়ন
- মান উন্নয়ন
    - পাঠ্যক্রম বা মূল্যায়ন সংক্রান্ত সরঞ্জাম
    - সার্টিফিকেট/প্রমাণপত্র অর্জন
    - বয়স-উপযুক্ত ক্রমবিকাশী বই এবং খেলনা
    - শ্রেণীকক্ষে ব্যবহারের জন্য সরঞ্জাম বা উপকরণ
    - স্বাস্থ্য ও নিরাপত্তা সমর্থনকারী আইটেম

এই তহবিল সুযোগের এককালীন প্রকৃতির কারণে, পরিষেবা প্রদানকারীদের বেতন এবং বেনিফিটগুলির মতো উল্লেখযোগ্য চলমান খরচের জন্য প্রস্তাব জমা দেওয়া যাবে না।

## প্রস্তাবের প্রয়োজনীয়তাগুলি

যেকোনো প্রকারের শিশু পরিচর্যা প্রোগ্রাম তহবিলের জন্য আবেদন করার যোগ্য। কোনো একক সংস্থাকে প্রদত্ত তহবিলের পরিমাণ $75,000 এর বেশি হতে পারে না— এমনকি যদি সংস্থাটি একাধিক প্রস্তাব জমা দেয়, উভয় তহবিল শ্রেণীর জন্য তহবিলের আবেদন করে থাকে বা একাধিক স্থানের জন্য তহবিলের আবেদন করে থাকে।

প্রস্তাবটি 12-পয়েন্টে একক স্পেসে টাইমস নিউ রোমান হরফে টাইপ করা 7 পৃষ্ঠার বেশী হতে পারবে না। প্রস্তাবে নিম্নলিখিত তথ্য অন্তর্ভুক্ত করুন:

1. **কভার লেটার।** কভার লেটারে নিম্নলিখিতগুলি অন্তর্ভুক্ত থাকতে হবে:
    a. আবেদনকারী/সংস্থার নাম, ঠিকানা এবং প্রধান ফোন নম্বর
    b. আবেদনকারীর আইনি স্থিতির সংক্ষিপ্ত ব্যাখ্যা, যেমন, 501(c)(3), LLC, অন্যান্য। (অনুগ্রহ করে এই বিভাগের শেষে প্রয়োজনীয় নথিগুলি দেখে নিন।)
    c. কভার লেটারে স্বাক্ষরকারী প্রাথমিক ব্যক্তির নাম, পদবি, ই-মেইল অ্যাড্রেস ও ফোন নম্বর এবং একটি বিবৃতি যেখানে স্বাক্ষরকারী আবেদনকারীকে কোনো চুক্তিতে আবদ্ধ করার জন্য অনুমোদিত বিবৃত রয়েছে

2. **ভূমিকা।** বিদ্যমান বা প্রত্যাশিত শিশু পরিচর্যা প্রোগ্রামটি বর্ণনা করুন, যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:
    a. শিশু পরিচর্যা স্লটগুলির মোট সংখ্যা এবং শিশু পরিচর্যা প্রোগ্রাম দ্বারা পরিবেশিত বয়সের একটি বিবরণ
    b. শিশু পরিচর্যা প্রোগ্রামের বাস্তবিক অবস্থান
    c. সঞ্চালনের দিন/ঘন্টা – অর্থাৎ, শিশু পরিচর্যার প্রোগ্রামটি কি অপ্রচলিত দিন বা ঘন্টা, যেমন সপ্তাহান্তে, সন্ধ্যায় বা সারা রাত খোলা থাকে?
    d. কোনো বর্তমান বা প্রত্যাশিত স্বীকৃতি, অনুমোদন, এবং/অথবা গুণমানের মানদণ্ড যা প্রাপ্ত বা অনুসরণ করা হয়েছে

3. **গুণমান।** আপনার প্রত্যাশিত বা বিদ্যমান প্রোগ্রামে গুণমানের প্রতি আপনার পদ্ধতির বর্ণনা, যার মধ্যে নিম্নলিখিতগুলি অন্তর্ভুক্ত রয়েছে:

a. আপনি কীভাবে বাচ্চাদের শারীরিক, বুদ্ধিবৃত্তিক, সামাজিক ও মানসিক সুস্থতা এবং বৃদ্ধিকে উন্নীত করবেন?
b. আপনি কীভাবে নিশ্চিত করবেন যে শিশুরা সারা দিনব্যাপী বয়স-উপযোগী কার্যক্রমে অংশগ্রহণ করছে?
c. আপনি কীভাবে আপনার কর্মীদের প্রশিক্ষণ ও উন্নয়ন করেন যাতে তারা শিশু এবং তাদের পরিবারকে উচ্চ গুণমানের যত্ন প্রদান করতে পারে?

4. **প্রস্তাব।** আপনার প্রকল্পের একটি বিশদ বিবরণ প্রদান করুন, যার মধ্যে নিম্নলিখিতগুলি অন্তর্ভুক্ত রয়েছে:
   a. আপনার প্রকল্পটির যা যা প্রয়োজন রয়েছে
   b. কীভাবে আপনার প্রকল্পটি শিশু পরিচর্যার মান উন্নত করবে তার একটি ব্যাখ্যা
   c. প্রকল্পের বাজেট
   d. প্রকল্পের সময়রেখা
   e. এই প্রকল্পের সাথে সম্পর্কিত কি আপনার চলমান খরচ থাকবে? যদি তাই হয়, আপনি কীভাবে এগুলির জন্য অর্থ প্রদান করবেন? মনে রাখবেন যে এই NOFA এককালীন তহবিল।

5. **ইক্যুইটি।** আপনার প্রত্যাশিত বা বিদ্যমান প্রোগ্রামের মধ্যে ইক্যুইটি সম্পর্কে আপনার পদ্ধতির বর্ণনা, যার মধ্যে নিম্নলিখিতগুলি অন্তর্ভুক্ত রয়েছে:
   a. আপনার প্রকল্পটি কীভাবে আর্লিংটন কাউন্টির শিশুদের জন্য বৈষম্য হ্রাস করতে সহায়তা করে?
   b. আপনার প্রোগ্রাম কীভাবে কর্মী, শিশু এবং পরিবারগুলির জন্য একটি সমভাবাপন্ন আন্তরিক পরিবেশ তৈরি করে (বা তৈরি করবে, যদি প্রোগ্রামটি এখনও বিদ্যমান না থাকে)?

6. অন্য কোনো তথ্য যা আবেদনকারী তার প্রস্তাবটি কাউন্টি দ্বারা মূল্যায়নের সময় বিবেচনা করার জন্য প্রাসঙ্গিক বলে মনে করেন।

প্রস্তাবের অন্যান্য প্রয়োজনীয়তা:

- সমস্ত প্রোগ্রাম অবশ্যই সমস্ত প্রযোজ্য স্টেট এবং/অথবা স্থানীয় লাইসেন্সিং প্রয়োজনীয়তাগুলি পূরণ করবে।
- কাউন্টি লাভজনক এবং অলাভজনক অংশীদারদের কাছ থেকে প্রস্তাব গ্রহণ করতে আগ্রহী:
  - লাভজনক ও অলাভজনক উভয় আবেদনকারীদের বৈধ ব্যবসায়িক লাইসেন্সের প্রমাণ প্রদান করতে হবে এবং রাজস্ব কমিশনারের নির্দেশ অনুসারে কাউন্টির ব্যবসায়িক লাইসেন্সের কর বকেয়া থাকা যাবে না। এই নথিপত্রটি 7-পৃষ্ঠার সীমার মধ্যে ধরা হবে না।
  - অলাভজনক আবেদনকারীদের অলাভজনক অবস্থার প্রমাণ প্রদান করতে হবে। এই নথিপত্রটি 7-পৃষ্ঠার সীমার মধ্যে ধরা হবে না। নিম্নলিখিতগুলির মধ্যে যে কোনো একটি অলাভজনক স্থিতির প্রমাণ হিসাবে গ্রহণযোগ্য:
    - IRS কোডের ধারা 501(c)(3)-এ বর্ণিত অভ্যন্তরীণ রাজস্ব পরিষেবার (Internal Revenue Service, IRS) সবচেয়ে সাম্প্রতিক কর-মুক্ত সংস্থাগুলির তালিকায় আবেদনকারী সংস্থার তালিকাভুক্তির একটি রেফারেন্স
    - বর্তমানে বৈধ IRS ট্যাক্স মুক্তিরশংসাপত্রের একটি অনুলিপি
    - একটি স্টেট ট্যাক্সিং প্রতিষ্ঠান, স্টেট অ্যাটর্নি জেনারেল, অথবা অন্যান্য উপযুক্ত স্টেট কর্মকর্তার পক্ষ থেকে একটি বিবৃতি, যা নিশ্চিত করে যে আবেদনকারী প্রতিষ্ঠানের অলাভজনক স্থিতি রয়েছে এবং নেট আয়ের কোনোটিই কোনো ব্যক্তিগত শেয়ারহোল্ডার বা ব্যক্তিদের কাছে জমা হয় না

        - সংস্থার প্রতিষ্ঠা শংসাপত্রের (certificate of incorporation) একটি প্রত্যায়িত কপি বা সমরূপ নথি যা স্পষ্টভাবে অলাভজনক স্থিতি প্রতিষ্ঠা করে।
        - একটি স্টেট বা জাতীয় মূল সংস্থার জন্য উপরের যে কোনো এমন একটি প্রমাণ এবং একটি বিবৃতি যা মূল সংস্থার দ্বারা স্বাক্ষরিত, যে আবেদনকারী সংস্থাটি একটি স্থানীয় অলাভজনক অনুমোদিত সহযোগী।
- প্রস্তাবিত প্রকল্পের জন্য সরকারী সংস্থাগুলির কাছ থেকে প্রয়োজনীয় অনুমোদন প্রাপ্ত করা সমস্ত আবেদনকারীদের দায়িত্ব।
- যদি আবেদনকারী উপযুক্ত নির্বাচিত হন, তবে নির্বাচিতদের নিম্নলিখিতগুলি প্রদান করতে হবে:
    - একটি W-9 প্রদান করতে হবে এবং অর্থপ্রদানের নির্দেশাবলী নিশ্চিত করতে হবে।
    - এক বা একাধিক রিপোর্ট জমা দিতে হবে যাতে প্রকল্পটি সম্পন্ন হয়েছে তা প্রদর্শিত হয়।
    - সমঝোতা এবং কার্যকর করার জন্য একটি অনুদান চুক্তিতে কাউন্টির নিয়ম ও শর্তাবলীতে সম্মত হতে হবে।

## জমার বিবরণ

শিশু পরিচর্যার সক্ষমতা বৃদ্ধির এবং মান উন্নয়নের জন্য তহবিল প্রাপ্যতার বিজ্ঞপ্তির (Notice of Funding Availability for Child Care Capacity Building & Quality Improvement) ওয়েবপেজে প্রস্তাব জমা দেওয়া যেতে পারে। **প্রস্তাবগুলি 20 ডিসেম্বর, 2024, শুক্রবার সন্ধ্যা 5:00 টার মধ্যে জমা দিতে হবে।**

নিচে যেমনটা উল্লেখ করা হয়েছে যে, এই NOFA সম্পর্কিত প্রশ্ন বা স্পষ্টীকরণ এলিজাবেথ ম্যাটলক (Elizabeth Matlock) –এর কাছে ematlock@arlingtonva.us –এ মঙ্গলবার, 12 নভেম্বর, 2024, বিকেল 5:00 টার মধ্যে জমা দিতে হবে।

## সময়রেখা এবং বাছাই প্রক্রিয়া

**বুধবার, 30 অক্টোবর, 2024** - NOFA বিতরণ করা হয়েছে

NOFA-তে প্রশ্ন/স্পষ্টীকরণ লিখিত জমা দেওয়ার সময়সীমা - **মঙ্গলবার, 12 নভেম্বর, 2024, বিকাল 5:00 টা**। এলিজাবেথ ম্যাটলক (Elizabeth Matlock) এর কাছে ematlock@arlingtonva.us –তে ইমেলের মাধ্যমে প্রশ্ন জমা দেওয়া যেতে পারে।

**বৃহস্পতিবার, 14 নভেম্বর, 2024, সময় TBD** – একটি ভার্চুয়াল প্রাক–প্রস্তাবিত তথ্য অধিবেশন অনুষ্ঠিত হবে যাতে NOFA এবং অন্যান্য সাধারণ তথ্য সংক্রান্ত প্রশ্নের উত্তর দেওয়া হবে। তথ্য অধিবেশনে এবং ইমেলের মাধ্যমে জমা দেওয়া প্রশ্নগুলোর উত্তর সোমবার, 18 নভেম্বর, 2024, বিকেল 5:00 টার মধ্যে অনলাইনে প্রকাশ করা হবে।

প্রস্তাবগুলি জমা দেওয়ার সময় সীমা - **শুক্রবার, 20 ডিসেম্বর, 2024, বিকাল 5:00 টা**। *কীভাবে প্রস্তাব জমা দিতে হয় সে সম্পর্কে তথ্যের জন্য "জমা দেওয়ার বিবরণ (Submission Details)" দেখুন।*

**ফেব্রুয়ারী 2024** - প্রকল্পগুলির অস্থায়ী নির্বাচন।

**ফেব্রুয়ারী - মার্চ 2025** - অনুদান চুক্তি আলোচনা (যদি প্রয়োজন হয়) এবং কাউন্টি বোর্ড কর্তৃক চুক্তির অনুমোদন।

**মূল্যায়নের মানদণ্ড**

নিম্নলিখিত ওজন ব্যবহার করে প্রস্তাবগুলি মূল্যায়ন করা হবে। এই ঘোষণার শেষে কীভাবে ভাল স্কোর করতে হয় তার নির্দেশিকা অন্তর্ভুক্ত করা হয়েছে।

| শ্রেণী | ওজন |
|---|---|
| প্রতিক্রিয়া<br>(কভার লেটার, ব্যাকগ্রাউন্ড এবং সমর্থনকারী নথিপত্র) | 15% |
| গুণমান | 25% |
| প্রস্তাব | 40% |
| ইক্যুইটি | 20% |

## রিপোর্টিং প্রয়োজনীয়তা

যদি উপযুক্ত নির্বাচিত হয়, তবে অনধিক ছয়মাসের অগ্রগতির রিপোর্ট জমা দিতে হবে। এই রিপোর্টগুলির মধ্যে একটি প্রোগ্রাম্যাটিক এবং আর্থিক অংশ জড়িত হবে।

- প্রোগ্রাম্যাটিক রিপোর্ট: প্রদানকারীরা প্রকল্পের অগ্রগতির বিষয়ে একটি আপডেট দেবেন, যার মধ্যে যে কোনো প্রাসঙ্গিক তথ্য এবং গুণমানের উন্নতির উপর প্রভাব প্রদর্শনকারী ব্যাখ্যা অন্তর্ভুক্ত থাকবে।
- আর্থিক রিপোর্ট: প্রদানকারীরা ব্যয়ের ওপর একটি রিপোর্ট জমা দেবেন, যার মধ্যে সমর্থনকারী নথি (যেমন ইনভয়েস বা রসিদ) অন্তর্ভুক্ত থাকবে।

**অন্যান্য তথ্য:**

কাউন্টি প্রকাশ্যে প্রস্তাবগুলি খুলবে না।

কাউন্টি যেকোনো এবং সমস্ত প্রস্তাবগুলি প্রত্যাখ্যান করার, এই অনুরোধটি বাতিল করার এবং প্রক্রিয়ায় কোনো অযাচিততা বা অসঙ্গতি মাফ করার অধিকার সংরক্ষণ করে।

আরলিংটন কাউন্টি ধর্মভিত্তিক সংস্থাগুলির বিরুদ্ধে বৈষম্য করে না।

কাউন্টি আশা করে যে এই NOFA এক বা একাধিক আবেদনকারীকে প্রদান করা হতে পারে, এবং কাউন্টি যে ভাবে চায় সেই অনুযায়ী তহবিল বরাদ্দ করা হবে, যা এই NOFA-তে নির্ধারিত লক্ষ্যগুলির সাথে সামঞ্জস্যপূর্ণ।

**একটি ভাল প্রস্তাবের জন্য নির্দেশিকা**

| শ্রেণী | একটি ভাল প্রস্তাবেনিম্নলিখিতগুলি থাকবে... | সর্বাধিক স্কোর |
|---|---|---|
| প্রতিক্রিয়া | • অনুরোধ করা সমস্ত তথ্য এবং সমর্থনকারী নথিপত্র অন্তর্ভুক্ত থাকা | 15 |
| গুণমান | • শিশুর কল্যাণের বিভিন্ন ক্ষেত্রের আওতাভুক্তি (শারীরিক, বুদ্ধিবৃত্তিক, সামাজিক, এবং মানসিক)<br>• কার্যকলাপ এবং কৌশলগুলির একাধিক, নির্দিষ্ট উদাহরণ অন্তর্ভুক্ত থাকা<br>• কার্যকলাপ এবং কৌশলগুলি বয়স-উপযুক্ত হতে হবে<br>• কার্যকলাপ এবং কৌশলগুলি স্পষ্টভাবে শিশুর কল্যাণ এবং বৃদ্ধির সাথে সংযোগ | 25 |
| প্রস্তাব | • প্রয়োজনীয়তা এবং প্রকল্পটি কীভাবে প্রয়োজন মেটাবে তা স্পষ্টভাবে বর্ণনা থাকা<br>• একটি বাজেট অন্তর্ভুক্ত থাকা যা যুক্তিসঙ্গত এবং যথেষ্ট বিস্তারিত যাতে এটি স্পষ্ট হয় যে কীভাবে অর্থায়ন ব্যবহার করা হবে<br>• একটি যুক্তিসঙ্গত সময়রেখা অন্তর্ভুক্ত থাকা<br>• প্রযোজ্য হলে চলমান খরচগুলির সমর্থনে একটি বাস্তবসম্মত পরিকল্পনা তৈরি করা | 40 |
| ইক্যুইটি | • কোনো প্রাসঙ্গিক, নির্দিষ্ট গল্প বা ডেটা সহ প্রকল্পটি কীভাবে শিশু এবং পরিবারগুলির ফলাফলের বৈষম্য বা ফাঁক কমাতে পারে তার বর্ণনা<br>• বিভিন্ন গোষ্ঠীর (কর্মী, শিশু এবং পরিবার) মধ্যে অন্তর্ভুক্তি বাড়ানোর জন্য ব্যবহৃত নির্দিষ্ট কার্যকলাপ এবং কৌশলগুলির বিবরণ | 20 |